দর্শনায় তরুণ আবিষ্কারক জাহিদকে সম্মানস্বরূপ আর্থিক সহায়তা দিলেন পৌর প্রশাসক

দর্শনা সরকারি কলেজের মেধাবী শিক্ষার্থী এবং তরুণ বিজ্ঞানী জাহিদ হাসান জিহাদকে তার উদ্ভাবনী কাজের স্বীকৃতি হিসেবে সম্মানস্বরুপ আর্থিক সহায়তা প্রদান করেছে দর্শনা পৌরসভা। গতকাল মঙ্গলবার দুপুরে পৌরসভা কার্যালয়ে এক অনুষ্ঠানে পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান এই অর্থ সহায়তা জিহাদের হাতে তুলে দেন।

তিনি বলেন, এ ছোট ছেলেটি নিজের মেধাকে কাজে দেশসেরা উদ্ভাবক নির্বাচিত হয়েছেন। সে আজ দেশের সম্মান বৃদ্ধি করার লক্ষ্যে মালয়েশিয়ায় যাচ্ছেন। তার রোবটিক উদ্ভাবন শক্তি দ্বারা সে যেন দেশের সম্মান আরও বৃদ্ধি করতে পারে সেই দোয়া করি। আমাদের ক্ষুদে বিজ্ঞানীরাই একদিন নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে বাংলাদেশকে বিশ্ব দরবারে অন্যরকম উচ্চতায় নিয়ে যাবে। জিহাদের মতো প্রতিভাবান তরুণদের পাশে থাকতে পেরে দর্শনা পৌরসভা গর্বিত। তার স্বপ্ন পূরণে আমরা সবসময় সহযোগিতা করব।

এসময় আরও উপস্থিত ছিলেন, পৌর সচিব সাজেদুল আলম, পৌর হিসাবরক্ষক আরিফিন হোসেন, করনির্ধারক জাহিদুল ইসলাম, উচ্চমান সহকারী শাহ আলম, প্রধান সহকারী রুহুল আমিনসহ অন্যান্য কর্মচারীবৃন্দ।

দর্শনায় দিনে-দুপুরে জুয়েলারী ব্যাবসায়ীকে কুপিয়ে স্বর্ন লুটের চেষ্টা

চুয়াডাঙ্গার দর্শনায় দিনদুপুরে এক স্বর্ন ব্যাবসায়ীকে কুপিয়ে রক্তাক্ত জখম করে স্বর্নের দোকানে লুট করার চেষ্ঠা চালিয়েছে

একটি সংঘবদ্ধ চক্র।

জানাগেছে, গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা পুরাতন বাজার মোড়ে বন্ধু জুয়েলার্সে এ ঘটনা ঘটে। আহত জুয়েলারী ব্যাবসায়ী শ্রী সঞ্জয় কুমার সান্তারা (৩৬)কে রক্তাক্ত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেছে। ঘটনার বিবরনে জানাগেছে, গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে একজন ক্রেতা সেজে মুখে মাক্স পরিহিত অবস্থায় বন্ধু জুয়েলারীতে আসে।

এসে জুয়েলারী ব্যাবসায়ী সঞ্জয় কুমারকে বলে আমার বিয়ের অনুষ্ঠানে কিছু স্বর্নের জিনিস লাগবে একটু দেখান।সঞ্জয় ক্রেতাকে স্বর্নের কানের দুল চেইন আংটি বিভিন্ন আইটেমের জিনিস দেখাই। ক্রেতা বলে আপনার একাউন্ট নাম্বার দেন জুয়েলারী ব্যাবসায়ী সঞ্জয় বলে আমার কোন অ্যাকাউন্ট নাম্বার নাই। ক্রেতা বলে তাহলে বিকাশ নাম্বার দেন সেটাও আমার নাই।সঞ্জয় বলে সামনে বুথ আছে আপনি টাকা তুলে নিয়ে আসেন। তখন ক্রেতার হাতে একটি ব্যাগ ছিলো ব্যাগ থেকে চাকু বা হাতুড়ি বের করে তা দিয়ে স্বজরে জুয়েলারী ব্যাবসায়ী সঞ্জয়কে মাথায় আঘাত করে।পরে সঞ্জয় দোকানের ভেতর পড়ে গিয়ে চিৎকার করলে আশেপাশের লোকজন দ্রুত এগিয়ে আসে। পরে সঞ্জয় কে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। আহত সঞ্জয় দর্শনা কলেজ পাড়ার শ্রী সুধীর সান্তারা স্বর্ণকারের ছেলে। শেষ খবর পাওয়া পর্যন্ত শ্রী সঞ্জয়ের মাথায় প্রায় নয়টি সেলাই হয়েছে বলে জানা গেছে।এ ঘটনায় সঞ্জয়কে জিজ্ঞাসা করলে সঞ্জয় বলে আমি তাকে চিনতে পারেনি মুখে মাক্স পরা ছিল। এ ঘটনায় প্রত্যক্ষদর্শীরা জানায়, মুখে মাক্স পরা অবস্থায় একজন মেরে পালিয়ে যায়।

এ ঘটনায় খবর পেয়ে চুয়াডাঙ্গা জেলার এ এসপি জামাল আল নাসের ও দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর ঘটনাস্থলে সাথে সাথে আসেন এবং ঘটনাস্থল পরিদর্শন করেন।পরে সিসি টিভির ফুটেজ দেখে ঘটনার সাথে জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা চালাচ্ছে।এ বিষয়ে দর্শনা জুয়েলারী ব্যাবসায়ীর সাধারন সম্পাদক অবনী সান্তারা বলেন,পুলিশ আমাদেরকে আশ্বস্ত করেছে দ্রত আসামীকে গ্রেফতার করবো।এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন,আমরা দ্রত সিসি ক্যামরার ফুটেশ দেখে এবং সনাক্ত করে তাকে দ্রত গ্রেফতারের প্রক্রিয়া চাল্লাছি।এ ঘটনায় মামলার প্রস্ততি চলছে।

[redacted]

[redacted]

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ১২ জনকে দর্শনা থানায় হস্তান্তর করেছেন।

দর্শনার শৈলমারী গ্রামে আখচাষী সভা অনুষ্ঠিত

দর্শনা কেরু সাবজোন মিলগেট পূর্ব শৈলমারী গ্রামে আখচাষী সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকাল সাড়ে ৫টার দিকে শৈলমারী মসজিদ মোড়ে এ আখচাষী সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বিশিষ্ট আখচাষী আজিবর রহমান। ২০২৫-২০২৬ রোপণ ও মাড়াই মৌসুমে আখ রোপণ এবং পরিচ্ছন্ন আখ সরবরাহে চাষিদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু অ্যান্ড কোম্পানি বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, “আপনারা আগাম আখ চাষ করলে আপনাদের ভর্তুকি দেওয়া হবে। এতে আখের ফলন ভালো হবে এবং চিনির আহরণ বাড়বে। তাই ভালো মানের বীজের আখ সরবরাহ করুন, এতে আপনারা অনেক লাভবান হবেন। অন্যান্য ফসলের তুলনায় ক্ষতির সম্ভাবনা কম হবে। তাই আপনারা আখ চাষের প্রতি মনোযোগ দিন। দেখবেন আপনাদের উন্নতি হচ্ছে, পাশাপাশি চিনিকলও ঘুরে দাঁড়াচ্ছে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মহাব্যবস্থাপক আশরাফুল আলম ভূঁইয়া, ডিজিএম (কৃষি সম্প্রসারণ) মাহবুবুর রহমান, এসসিডিএ মাহফুজুল আলম রতন ও সিডিএ গোলাম মোস্তফা। অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আব্দুর রহমান।

আখচাষীদের মধ্যে উপস্থিত ছিলেন আকরাম মোল্লা, মাসুম মোল্লা, ছমির আলি, আসলাম, রায়হান মোল্লা, সামসুল, আছির, ওহিদুল মাস্টারসহ শতাধিক চাষি।

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ঈদ ই মিলাদুন্নবী উদযাপন

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ের আয়োজনে যথাযথ সম্মান ও ভাবগাম্ভীর্যের মধ্যে দিয়ে ঈদ ই মিলাদুন্নবী উদযাপন উপলক্ষে দোয়া আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টায় কেরু উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে স্কুলের হল রুমে ঈদ ই মিলাদুন্নবী উদযাপনের দোয়া ও আলোচনা সভার সভাপতিত্ব করেন স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আঃ রহিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ রাব্বিক হাসান এফসি এম এ। এ সময় তিনি হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন এবং তার উপর বিস্তর আলোচনা করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক (অর্থ) মোঃ আশরাফুল আলম ভূইয়া, জুনিয়র হিসাব সহকারী নাঈমা রেজা। পরে প্রতিযোগিতার বিজয়ী ছাত্র ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় অনিবার্ণ থিয়েটার কার্যালয়ে বর্ষা উৎসবের উদ্বোধন করেন, দর্শনা থানার অসি অপারেশন অনুপ দাস ও অনিবার্ণ থিয়েটারের সিনিয়ার সদস্য কবিরুল হক লিপু, আওয়াল হোসেন ও সাজ্জাদ হোসেন।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে শাপলা ফুলের মালা, ছাতা ও কুচুপাতার ব্যবহার করে বষার্র পরিবেশ সৃষ্টি করা হয়। শুরুতেই বর্ষার কবিতা আবৃতি করেন, মুন্সি কবির ও সাজ্জাদ হোসেন অনিবার্ণ থিয়েটারের কার্যক্রম ইতিহাস তুলে বক্তব্য রাখেন। এরপর দর্শনা অনিবার্ণ থিয়েটার সদস্যদের পরিবেশনায় শিশু শিল্পীদের দলীয় সংগীত মুক্ত মালার ছাতি মাথায় বর্ষা এলারে, অভিভাবকদের ওগো তোমার আকাশ দুটি চোখে গানটি পরিবেশন করেন।

এছাড়া একের পর এক কবিতা আবৃতি, নিত্য ও কৌতুক সংগীত পরিবেশন করেন অনিবার্ণের সদস্যরা। এসময় আরো উপস্থিত ছিলেন, এ এস আই মনি মহন সরকার, স্বপনা, মিলন, সাব্বির আলিম, খাইরুল ইসলাম ও রিদয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বেতার শিল্পী মোস্তাক আহম্মেদ মনা ও প্রভাষক মিল্টন কুমার সাহা, মিলন, হাবিবুর রহমান ইদু। অনুষ্ঠান শেষে চড়ুইভাতি আয়োজন করে অনিবার্ণ থিয়েটার।

দর্শনায় পৃথকভাবে বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দর্শনায় পৃথকভাবে বিএনপি’র ৪৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল বুধবার দর্শনা থানা বিএনপি ও পৌর বিএনপি শহরে পৃথক পৃথক শোভাযাত্রা ও আলোচনা সভা করেছে।

ঐদিন বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানা বিএনপি’র সভাপতি বীর মুক্তিযোদ্ধা সাবেক চেয়ারম্যান জনাব খাজা আবুল হাসনাত ও থানা বিএনপি’র সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা সাবেক ইউপি চেয়ারম্যান জনাব আহাম্মদ আলির নেতৃত্বে বিএনপি, যুবদল, ছাত্রদল শহরে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করে। তারপর পরই দর্শনা সরকারি কলেজের সাবেক জি এস ও পৌর সমন্বয়ক এনামুল হক শাহ মুকুল, সমন্বয়ক ইকবাল হোসেন ও প্রবিন বিএনপি নেতা মোঃ আঃ মালেক মন্ডলের নেতৃত্বে শহরে শোভাযাত্রা বের করেন।

এরপর দর্শনা পৌরসভার সাবেক মেয়র জনাব মহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা হাফিজুল ইসলাম, দর্শনা সি এন্ড এফ এসোসিয়েশনের সভাপতি সাবেক বিএনপি সভাপতি হাজী খন্দকার শওকত আলি, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক আলহাজ্জ মোঃ মশিউর রহমান, সাবেক সভাপতি মাহাবুব আলম খোকন, সাবেক সেক্রেটারি মহিদুল ইসলাম, সমন্বয়ক রেজাউল ইসলাম, নাসির উদ্দিন খেদু, আজিজুল হক, যুবদল নেতা জালাল উদ্দিন, ব্রাইট সহ যুবদল, ছাত্রদল নেতাদের নেতৃত্বে দর্শনা রেলবন্দর চত্বরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সময় আরও উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সাবেক সদস্য রবিউল ইসলাম রবি, তিন নম্বর ওয়ার্ড বিএনপি’র সাবেক সভাপতি তোফাজ্জল হোসেন, তিন নম্বর ওয়ার্ড বিএনপি’র সাবেক সিনিয়র জয়েল সেক্রেটারি বাবু, সাবেক কাউন্সিলর সাইফুল ইসলাম মুকুল, বিএনপি নেতা মজিবর রহমান, আলমগীর, রাজ্জাক, তুফন, নাসির, জলিল, আজগর আলী, আরিফ মাস্টার, আলম, দুলু, সাইফুল, ফারুক, রবিউল, বদর আলম চৌধুরী, সাহাবুল, সোনা,আমিরুল, কাসেম, নাসির, কামাল, দর্শনা থানা মৎস্যচিবী দলের সাধারণ সম্পাদক শরীফ, দর্শনা পৌর মৎস্যচিবি দলের সাধারণ সম্পাদক শাহিন, থানা যুবদলের সিনিয়র যুগ্ন আহবায় টুটুল শাহ, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক অপু সুলতান, জেলা যুবদলের সদস্য রহিন, যুবদল নেতা কুটি, ছমির, মাসুদ, চঞ্চল, সোহেল, শামিম, স্বপন, আনু, কামাল, রানা, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সানোয়ার হোসেন, দর্শনা থানা ছাত্রদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক রেয়াল ইসলাম লিওন, দর্শনা পৌর ছাত্রদলের সদস্য সচিব আল মামুন, ছাত্রনেতা সবুজ, রুবেল, নাফিজ, লিওন, মানিক, সোহাগ, শরীফ, শামীম, জুবায়ের, নাসিম।

পরে এক বর্ণাঢ্য শোভাযাত্রা দর্শনা পৌর শহর ঘুরে দর্শনা বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়। বেশ আনন্দঘন পরিবেশের মধ্যে দিয়ে দিবসটি পালন করেছে দর্শনা পৌর বিএনপি।

দর্শনা পৌর বিএনপি’র সম্বনয়ক

ইয়াবাসহ আটকের ৪ ঘন্টা পর মুক্ত

চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র নেতৃত্বে অভিযান চালিয়ে ৪০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ দর্শনা পৌর বিএনপি’র সম্বনয়ককে আটক করছে।

জানা গেছে, গতকাল সোমবার সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র নেতৃত্বে দর্শনা ক্যাম্পের বিজিবি অভিযান চালায় দর্শনা পুরাতন বাজার টুকু মিয়ার ‘স’ মিলের সামনের দর্শনা-মুজিবনগর সড়কের পাকা রাস্তার উপর।

এ সময় দশর্না মুজিবনগর সড়কের উপর থেকে তাকে আটক করে। পরে তার মোটরসাইকেলের সিটের নিচ থেকে ৪০ পিচ ইয়াবা উদ্ধার করে। এ ঘটনায় স্থানীয় গণ্যমান্য লোকজন তার এ আটকের ঘটানাটি ষড়যন্ত্রমুলোক বলে তাঁকে ছেড়ে দিতে বিজিবি’র কাছে আবেদন করলে ৪ ঘন্টা ধরে বিজিবি ব্যাপক তদন্ত শেষে তাকে ছেড়ে দেন।

এ বিষয়ে চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্ণেল নাজমুল হাসান জানান, দশর্নার স্থানীয় নেত্রীবৃন্দ বিষয়টি ষড়যন্ত্রমুলোক ভাবে, কে বা কাহারা ফাঁসাতে এমনটি করেছে বলে জানান। এরপরও ব্যাপক তদন্ত শেষে তাকে ছেড়ে দেওয়া হয়।

দশর্না থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নিকট জানতে চাইলে তিনি বলেন, আমাদের কাছে বিজিবি একটি লেখা নিয়ে এসে তদন্তের সার্থে আবার বিজিবি ক্যাম্পে চলে যায়। এছাড়া আর কিছুই জানি না। রামনগর গ্রামের লোকজন জানান, রেজাউল ইসলাম এর বিরুদ্ধে ইতোপুর্বে এ ধরনের কোনো অভিযোগ আমরা পায়নি।

দর্শনায় কেরুজ ৯টি বাণিজ্যিক

খামারে একযোগে আখ রোপন মৌসুমের উদ্বোধন

দর্শনায় কেরুজ চিনিকলের ৯টি বাণিজ্যিক খামারে একযোগে ২০২৫-২৬ আখ রোপন মৌসুমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার ১লা সেপ্টেম্বর দুপুর ১২ টার দিকে আকন্দবাড়িয়া বাণিজ্যিক খামার,ফুরশেদপুর বাণিজ্যিক খামার, আড়িয়া বাণিজ্যিক খামার বেগমপুর বাণিজ্যিক খামার,ঝাঝরি বাণিজ্যিক খামার,ডিহি বাণিজ্যিক খামার, হিজলগাড়ি বাণিজ্যিক খামার,এস টিপি বেড তৈরি করে ২০২৫-২৬রোপন মৌসুমের শুভ উদ্ধোধন করেন।

কেরু চিনিকলের জিএম কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে একযোগে মিলের নিজস্ব জমিতে উদ্ধোধন করেন,কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান,এ সময় তিনি বলেন চিনিশিল্পটিকে টিকিয়ে রাখতে বেশি বেশি আখ লাগাতে হবে।আমরা ইতিমধ্যে চাষীদের জন্য ভালো মানের উন্নত বীজ নিয়ে এসেছি এতে করে চাষীরা লাভবান হয়।এবার আমরা পাবলিক ও কেরু বাণিজ্যিক খামার মিলে ৬ হাজার মেট্রিক টন আখ লক্ষমাত্রা নিয়ে কাজ করছি।

আমরা লক্ষমাত্রা পৃরন করতে পারবো।

তাই আগামী বছর চিনিকলটি বেশি দিন চলবে।এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন,ঢাকা সদর দপ্তরের উপব্যবস্থাপক (সিপিসিআর) আনোয়ার হোসেন, মহাব্যাবস্থাপক কারখানা সুমন কুমার, জি এম (প্রশাসন) ওমর আল ফারুক গালিব, ৯ টি (খামার ইনচার্জ) সুমন কুমার সাহা, ডিজিএম (বীজ) মো. দেলওয়ার হোসেন, সিপিও মাহবুবুর রহমান,আখরোপন সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় স্ব স্ব প্লটে মহান আল্লাহর কাছে বিশেষ দোয়া প্রার্থনা করা হয়। চলতি মৌসুমে ৬হাজার একর জমিতে আখ রোপণের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে।

দর্শনার বিভিন্ন সীমান্তে প্রায় ৫৮ লক্ষ টাকার চোরাচালান পণ্য জব্দ

চুয়াডাঙ্গার দর্শনার বিভিন্ন সীমান্তে ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে প্রায় ৫৮ লক্ষ টাকার পণ্য জব্দ করেছে।

জানা যায়, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) কর্তৃক দায়িত্বপ্রাপ্ত সীমান্ত এলাকায় নিয়মিত টহল ও গোয়েন্দা তৎপরতার অংশ হিসেবে গত ২৭ থেকে ৩১ আগস্ট পর্যন্ত এ অভিযান চালানো হয়।

এ অভিযানে দর্শনা আইসিপি, দর্শনা, সুলতানপুর, বড়বলদিয়া এবং ঠাকুরপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় মাদক ও চোরাচালানবিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে একাধিক সফল অভিযান পরিচালিত হয়। এ সময় বিজিবি অবৈধভাবে রক্ষিত চায়না জালসহ বিপুল পরিমাণ চোরাচালান পণ্য জব্দ করে।

জব্দকৃত মালামালের মধ্যে উল্লেখযোগ্য হলো ১৯ বোতল ভারতীয় মদ, ৬৭ বোতল ভারতীয় ফেনসিডিল, ৩ কেজি ভারতীয় গাঁজা, ৩,০০০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, ২১ পিস ভারতীয় শাড়ি, ১২ পিস থ্রি-পিস, ২০২ পিস বিভিন্ন প্রকার ভারতীয় কসমেটিকস, ২০০ পিস চায়না

দুয়ারী জাল, ৫০০ কেজি চায়না কারেন্ট জাল এবং ১৮০ কেজি ভারতীয় পেঁয়াজ। এছাড়াও বিভিন্ন ভারতীয় খাদ্যদ্রব্য উদ্ধার করা হয়। বিজিবি জানায়, এটি সীমান্ত এলাকাকে অবৈধ কর্মকাণ্ডমুক্ত রাখার রাষ্ট্রীয় প্রতিশ্রুতির বাস্তব রূপ। সীমান্তে বিজিবির অভিযান অব্যাহত থাকবে।